গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.২২.০০১.২০২৫-৫৫৫

তারিখঃ ২২ শ্রাবণ, ১৪৩২।
০৬ আগস্ট, ২০২৫।

বিষয় ঃ **পিটি, ড্রেসি প্যারেড, স্টাফ দরবার, এলার্ম প্রাকটিস করণ প্রসঙ্গে।**

সূত্র ঃ ক. কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.২২.০০১.২০২১-১২০৩ তারিখঃ ২৩.১২.২০২১।
খ. কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২৪.২২.০০১.২০২৪-১৭১৮ তারিখঃ ১৭.১২.২০২৪।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সূত্রস্থ 'ক' ও 'খ' স্মারকের নির্দেশনা মোতাবেক গার্ডিং স্টাফদের পিটি, ড্রেসি প্যারেড, স্টাফ দরবার, এলার্ম প্রাকটিসের নির্দেশনা থাকলেও ইদানিং লক্ষ্য করা যাচ্ছে কোন কোন কারাগারে তা যথাযথ ভাবে প্রতিপালন করা হচ্ছে না। এমকি অনুশীলন না করেও কাগজ কলমে প্রতিপালন হয় মর্মে প্রতিবেদন প্রেরণ করেন যা মোটেই কাম্য নয়। আসন্ন নির্বাচন কে সামনে রেখে কারাগারসমূহে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা প্রয়োজন বিধায় গার্ডিং স্টাফদের পিটি, ড্রেসি প্যারেড, স্টাফ দরবার, এলার্ম প্রাকটিস করা অত্যন্ত জরুরী। এখন থেকে বন্দি বিদ্রোহ ও পলায়ন রোধ বা যে কোন অনাকাংখিত ঘটনা প্রতিরোধকল্পে সূত্রস্থ স্মারকদ্বয় ও কারা বিধি মোতাবেক এলার্ম প্রাকটিস, গার্ডিং স্টাফদের মাসিক দরবার, গার্ডিং স্টাফদের শারীরিক ফিট রাখার জন্য সাপ্তাহিক ড্রেসি প্যারেড ও পিটি অনুশীলন করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এছাড়াও কারা উপ-মহাপরিদর্শকের বিভাগীয় দপ্তর কর্তৃক অধীনস্থ কারাগারসমূহে এলার্ম প্রাকটিস, দরবার, পিটি ও ড্রেসি প্যারেড সংক্রান্ত মাসিক প্রতিবেদন গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজন স্বাপেক্ষে স্টাফ দরবারে উত্থাপিত পয়েন্টসমূহ কারা সদর দপ্তর কর্তৃক সম্পাদনের প্রয়োজন হলে উক্ত দরবারের পয়েন্টসমূহ কারা সদর দপ্তরে প্রেরণ করা যেতে পারে। বিষয়টি গুরুত্বের সহিত অনুশীলন করতঃ ব্যত্যয়ে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ০২-৫৭৩০০২২২(দপ্তর)।
addl.ig@prison.gov.bd

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল সদর দপ্তর।
২। কমাড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী;

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

১. সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
২. সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
৩. জেল সুপার, হসপিটালাইজড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট (এইচপিএসইউ), নাজিম উদ্দিন রোড, ঢাকা;
৪. জেলার (অপারেশন),কারা অধিদপ্তর, ঢাকা;
৫. ডেপুটি জেলার (সকল), কারা অধিদপ্তর, ঢাকা;
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর ঢাকা;
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর ঢাকা। পত্রটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো;
৮. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (প্রশাসন ও অর্থ/অপারেশন ও প্রশিক্ষণ/বন্দি ব্যবস্থাপনা)/কারা উপ-মহাপরিদর্শক এর ব্যক্তিগত সহকারী। কর্মকর্তাগণের অবগতির জন্য।

computer/5 সার্কুলার-২৪